

## প্রথম

১ম ভাললাগা, ১ম প্রেম-  
১ম দেখা, ১ম হারিয়ে যাওয়া-  
আর ১ম তোমায় খুজে পাওয়া,  
পিছনে ফেলে আসা একটা ছোট্ট বেলা,  
অনেক স্বপ্নকে সাথে নিয়ে এগিয়ে চলা।

## ছেলেবেলার পাঁচালী

হাফ প্যান্টালুন, ঘুড়ি, লাটাই আর মাঞ্জা সুতো-  
পুকুরে ভাসাই কলাগাছের ভেলা।  
পেট ব্যাথা, সঙ্গে স্কুল পালানোর ছুতো,  
এই ছিল আমার ১ম শৈশবের খেলা ।  
পাড়ার সরস্বতি, আর বসন্তের পাগল করা হাওয়া,  
তখন প্রথম গৌফের রেখা, প্রথম বিড়ি খাওয়া !  
দুই বিনুনী, লাল ফিতে, আর মুচকি তোমার হাসি,  
মন বলে শুধু তোমাকেই ভালবাসি।  
স্কুলের খিচুড়ি , গ্রামোফোনের গান,  
পড়ার কথা ভাবলেই মন করে আনচান  
অস্থিরতা কে সঙ্গ করে - ১ম প্রেম প্রেম খেলা  
উদ্দেশ্যহীন জীবনের পথে একা ভেসে চলা  
আর রইল শুধু পড়াশুনায় ফাঁকি।  
জীবনটা যে এত বড় - বুঝিনি তখনও  
অনেকটাই পথ রয়েছে যে বাকি !

অঞ্জন চক্রবর্তী